ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর বোসপাড়া বিএনপি অফিসের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খান, সাবেক ছাত্রনেতা আহমেদ রনি সহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা।

পরে থ্যালাসেমিয়া রোগী আক্রান্ত দুইটি শিশুকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি স্বেচ্ছায় রক্তদান করেন ও প্রধান অতিথি মাসুদ অরুন সেই দুইটি শিশুর পরিবারের হাতে রক্তের ব্যাগ তুলে দেন।

মেহেরপুরে ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রদল বিভিন্ন কর্মসূচি পালন করে।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকালে মেহেরপুর কলেজ মাঠে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন ও ছাত্রদলের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে করে এই কর্মসূচি শুরু করে।

পরে মেহেরপুর সরকারি কলেজ মাঠ থেকে মেহেরপুর জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমানের নেতৃত্বে র্যালি বের হয়ে মেহেরপুরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এ সময় র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদল সহ সভাপতি নাহিদ মাহবুব সানি, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সভাপতি জুয়েল রানা, জেলা ছাত্রদল যুগ্ম সম্পাদক আমির হাসান হিমেল, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক নাজির আহমেদ, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ সাকিল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল প্রমুখ।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক

রেজাউল করিম, সাবেক ছাত্রনেতা ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ নাজমুল হক লিটন, সাবেক পৌর সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক দল, জেলা বিএনপি সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

আলমডাঙ্গায় বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার এসো ঐক্যবদ্ধ হই, গণতন্ত্র, শান্তির অর্ধিকার প্রতিষ্ঠার জন্য এই শ্লোগানে আলমডাঙ্গা উপজেলা ও পৌর যুবদলের উদ্যোগে ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত হয়।

বর্ণাঢ্য র্যালি শহরের প্রধান প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা মঞ্চ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহবায়ক মীর আসাদুজ্জামান উজ্জ্বলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা যুবদলের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম ঝন্টু।

এসময় তিনি বলেন, আপনারা দেখেছেন স্বৈরাচারী শেখ হাসিনা তার অপকর্মের কারণে দেশ ছেড়ে পালিয়েছে। তার অপকর্মের কারণেই কিন্তু ছাত্র-জনতার তীব্র আন্দোলনে দেশ ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছে এই স্বৈরাচারী শেখ হাসিনা। এখন দেখবেন আওয়ামী লীগের দোসররা বলে আমরা কি এমন অপরাধ করেছি, যারা এই কথা বলেন তাদের উদ্দেশ্যে বলি, আপনারা সাধারণ মানুষের মাঝে যান তারা আপনাদের জবাব দিয়ে দেবে আপনারা কি করেছেন আর কি করেন নাই।

বিশেষ অতিথি ছিলেন জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খাঁন, আলমডাঙ্গা উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক চৌধুরী জাহাঙ্গীর আলম বাবু, আওয়ালুজ্জামান রাসেল, আবু জিহাদ, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুদ্দিন ইসলাম কনক, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান।

পৌর যুবদলের যুগ্ম আহবায়ক খন্দকার আব্দুল কাদেরের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা যুবদল নেতা সাফায়েত, আলা মন্ডল, মতিয়ার রহমান মাখাল, আবু জার, সেলিম, হাসান কাজী, সুমন, সেলিম হোসেন, মুন্সি সাইফুল ইসলাম, শামীম রেজা, মোমিম, লতিফ, মনিরুজ্জামান, আজম, পৌর যুবদল নেতা আওয়াল কবির, মিলন মালিথা,আক্তারুজ্জামান লুলু, শরিফ, মিলি, উজ্জ্বল, মিলন, গোলাম মোস্তফা সহ উপজেলা, পৌর ও ইউনিয়ন যুবদলের নেতা কর্মী বৃন্দ।

মেহেরপুরে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার আয়োজনে নানা কর্মসূচির মধ্য দিয়ে সংগঠনটির ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

কর্মসূচির মধ্যে ছিল জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, রক্তদান কর্মসূচি, কেক কাটা, দোয়া মাহফিল ও আলোচনা সভা।

আজ রবিবার (২৭ অক্টোবর) বিকেলে একটি শোভাযাত্রা বের করা হয়।

শোভাযাত্রাটি মেহেরপুরে শহরের মল্লিক পুকুরের উপর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লিয়ার।

এ সময় মেহেরপুর সদর যুবদল নেতা বখতিয়ার, ইউনুস আলী, মাসুুদ, রাজু, সাবেক ছাত্রদল নেতা জয়নাল আবেদীন অভি, লিটন, ফাহিম, মুজিবনগর যুবদল নেতা সিরাজ, এরশাদ, জাহাঙ্গীর, ইয়াসিন বাসিম, ইদ্রিস, মোঃ ইমরান হোসেন, স্বপন, মাসুদ, সুজন, বাবু, হাবিবর, পলাশ, বারাদী ইউনিয়ন যুবদল নেতা আসলামউদ্দীন বিট্টুসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে কেক কাটা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিনটির সমাপ্তি ঘটে।

মেহেরপুরে নানা আয়োজনে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

মেহেরপুরে নানা আয়োজনে জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়।



জেলা যুবদলের আইন বিষয়ক
সম্পাদক এ্যাড. এহান উদ্দিন
মনার খাবার বিতরণ

আজ রবিবার (২৭ অক্টোবর) দুপুর ৩ টার দিকে জেলা যুবদলের নেতৃবৃন্দের আয়োজনে এবং জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক এ্যাড. এহান উদ্দিন মনা ও সদস্য মেহেদী হাসান রোলেক্সের তত্বাবধানে মেহেরপুর শহরের মল্লিকপাড়া দবিরের মোড়ে এ আলোচনা সভা ও খাবার বিতরণ করা হয়।

জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ও যুবদল নেতা ফিরোজুর রহমান ফিরোজের সঞ্চালনায় আলোচনা সভায় যুবদল নেতা রাকিবুল ইসলাম সজল, রেমিন শেখ, বখতিয়ার হোসেন, কাবরান শেখ, জেলা যুবদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান জনিসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনার পরে বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা ও ৫ আগস্টের শহীদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা শেষে প্রায় সাড়ে ৭শ দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করা হয়।

“জাতীয়তাবাদী মহিলা দলকে

সুসংগঠিত করা হবে”–জাভেদ মাসুদ মিল্টন

আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে দেশ নায়ক তারেক রহমানের নেতৃত্বে দেশ পরিচালনা হবে। তার দিক নিদের্শনাই জাতীয়তাবাদী মহিলা দলকে সুসংগঠিত করা হবে।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির (ভার্চ্যুয়ালী) বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

আজ সোমবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা মহিলা দলের সভাপতি ফরিদা পারভীনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন মেহেরপুর জেলা বিএনপির মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন।

উপজেলা মহিলা দলের সাধারণ সম্পাদক ও ষোলটাকা ইউনিয়ন পরিষদের সদস্য খালেদা ইয়াসমীনের সঞ্চালনয়া অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা মহিলা দলের সাধারণ সম্পাদিকা লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও সাবেক ভারপ্রাপ্ত গাংনী পৌরসভার মেয়র ইনসারুল হক ইন্সু।

প্রধান বক্তা জেলা মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়ন বলেন, বিগত ১৭ বছর আমরা কোন ধরনের মিটিং,মিছিল আলোচনা সভা, করতে পারেনি। ছাত্র বৈষম্যবিরোধী আন্দোলনে স্বৈরাচারী শেখ হাসিনা সরকার কে উৎখাত করে এখন আমরা প্রাণ খুলে মিছিল মিটিং করতে পারছি। প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় উপজেলা মহিলা দলের বিভিন্ন ইউনিয়নের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

আগামী ১সেপ্টেম্বর বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৬ আগষ্ট) দুপুরে গাংনী উপজেলা বিএনপির কার্যালয়ে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি, শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, সাংগঠনিক সম্পাদক ও ধানখোলা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আখেরুজ্জামান, জেলা বিএনপির ১ নং যুগ্ম ও সাবেক ইউপি চেয়ারম্যান আব্দুল আওয়াল, যুগ্ম সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ও রাইপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু, জাতীয়তাবাদী মহিলা বিএনপির সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক মহিলা ভাইসচেয়ারম লাইলা আরজুমান বানু, গাংনী উপজেলা বিএনপির সহসভাপতি ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইনসারুল হক ইন্সু, মটমুড়া ইউনিয়ন বিএনপির সভাপতি হামিদুল হক, ষোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও বিএনপি নেতা মনিরুজ্জামান মনি, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচিব জাহিদুল ইসলাম, গাংনী পৌর যুবদলের আহবায়ক ও গাংনী পৌরসভার কাউন্সিলর সাইদুল ইসলাম, সদস্য সচিব ও গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর এনামুল হক, জেলা ছাত্র দলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক রিপন হোসেনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।